# কক্সবাজারে সদ্দাম গ্রুপের হামলা, চাঁদাবাজিতে বাধা দেওয়ায় যুবক গুলিবিদ্ধ



সংগৃহীত ছবি

কক্সবাজার শহরের সমিতিবাজার এলাকায় চাঁদাবাজি ও অনৈতিক কর্মকাণ্ডে বাধা দেওয়ায় সদ্দাম গ্রুপের শীর্ষ সন্ত্রাসী ও ডাবল মার্ডারসহ একাধিক হত্যা মামলার আসামি জাহেদের বাহিনীর হামলায় এক যুবক গুরুতর আহত হয়েছেন।

স্থানীয়দের অভিযোগ, জাহেদ দীর্ঘদিন ধরে এলাকায় চাঁদাবাজি ও বিভিন্ন অবৈধ কর্মকাণ্ড চালিয়ে আসছিলেন। শুক্রবার রাতে এলাকাবাসী এসব কাজে বাধা দিলে জাহেদের নেতৃত্বে সন্ত্রাসীরা গুলি ও ধারালো অস্ত্র নিয়ে তাদের ওপর হামলা চালায়। হামলায় এক যুবক গুরুতর জখম হন।

আহত যুবককে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছেন।

এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে। তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আইনশৃঙ্খলা বাহিনী ঘটনাস্থলে গেছে বলে জানা গেছে।

LENS ASIA